



অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি নাসীরুদ্দীন পাটওয়ারী, চাইলেন সবার দোয়া



নাসীরুদ্দীন পাটওয়ারী : সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। শনিবার (২১ জুন) দুপুরে হঠাৎ শারীরিক অবস্থার অবনতি ঘটলে তাঁকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে নেওয়া হয়।

জাতীয় নাগরিক পার্টি যুগ্ম সদস্য সচিব আলাউদ্দিন মোহাম্মদ নাসীরুদ্দীন পাটওয়ারীর একটি ছবি তার তেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট দিয়ে সবার কাছে দোয়া চেয়েছেন।

তিনি ফেসবুক পোস্টে লেখেন, ‘আমাদের প্রিয় সহযোদ্ধা নাসীরুদ্দীন পাটওয়ারী অসুস্থ হয়ে বর্তমানে হাসপাতালে ভর্তি আছেন। ফ্যাসিবাদ ও আধিপত্যপাতবিরোধী সংগ্রামে নাসীরের ভূমিকা সব সময়ই ছিল সাহস ও নেতৃত্বের প্রতীক।

তিনি আরও লেখেন, ‘এই কঠিন সময়ে আমরা সবাই তার পাশে আছি এবং আপনাদের সবার কাছে তার দ্রুত আরোগ্য কামনায় আন্তরিক দোয়ার আবেদন জানাচ্ছি। আল্লাহ যেন তাকে দ্রুত সুস্থতা দান করে।

দলের নেতাকর্মীদের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও তার সুস্থতা কামনা করে নানা পোস্ট ছড়িয়ে পড়েছে। অনেকেই তার দ্রুত আরোগ্য কামনায় দোয়া চেয়ে স্ট্যাটাস দিয়েছেন।

LENS ASIA